দৈনিক
ইত্তেফাক

তারিখ 25 JUN 2007
পৃষ্ঠা ১৮ কলাম ৫

# স্কুল কলেজ ও মাদ্রাসায় পাঠদানের সময়সূচি পুনঃনির্ধারণ

সরকার দেশের সকল সরকারি-বেসরকারি স্কুল ও কলেজ এবং মাদ্রাসায় পাঠদানের সময়সূচি পুনঃনির্ধারণ করেছে। একটি মাত্র শিফট চালু আছে এমন শিক্ষা প্রতিষ্ঠানে দশটা-চারটার পরিবর্তে মার্চ থেকে আগস্ট মাস পর্যন্ত সকাল আটটা থেকে দুপুর দুটা এবং সেপ্টেম্বর থেকে ফেব্রুয়ারি মাস পর্যন্ত সকাল দশটা থেকে বিকেল চারটা পর্যন্ত সময় নির্ধারণ করা হয়েছে। ডাবল শিফটভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে প্রভাতী শাখায় প্রথম থেকে দশম শ্রেণী পর্যন্ত সকাল সাতটা থেকে দুপুর বারোটা পর্যন্ত এবং দিবা শাখায় দুপুর সোয়া বারোটা থেকে বিকেল পাঁচটা পঁচিশ মিনিট পর্যন্ত (মাঝে ১০ মিনিট নামাজের বিরতি) সময়সূচি পূর্বের মতই চলবে। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ সকল শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের উল্লিখিত সময়সূচি অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিত থাকা নিশ্চিত করবেন এবং সকল আঞ্চলিক উপ-পরিচালক ও জেলা শিক্ষা অফিসারগণ আকস্মিক ও নিয়মিত পরিদর্শনের মাধ্যমে সময়সূচি বাস্তবায়ন নিশ্চিত করবেন।-তথ্য বিবরণী